গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং- ৮৩৫

তারিখ ঃ ১৮ অগ্রহায়ণ ১৪৩১।
০৩ ডিসেম্বর ২০২৪।

## নোটিশ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০৮ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখ বেলা ১০.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভা কক্ষে কৃষি ও সেচ কমিটির সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব রেহেনুমা তারান্নুম, প্রশাসক, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম মহোদয়।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি ঃ**

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সার্বিক বিষয় নিয়ে আলোচনা ।
৩। বিবিধ।

০৩/১২/২৪
(মোছাঃ নিলুফা ইয়াছমিন)
উপজেলা কৃষি অফিসার
ও সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

..................................................................
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

১। প্রশাসক, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩। নোটিশ বোর্ড।

পরিশিষ্ট- "ক"

কৃষি ও সেচ কমিটির সভার হাজিরা স্বাক্ষরঃ

স্থানঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। সভার তারিখ: ০৮/১২/২০২৪

| ক্রমিক নং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | রেহেনুমা তারান্নুম | প্রশাসক, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | সভাপতি | |
| ২ | মোহাম্মদ আলী শেখ | চেয়ারম্যান ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ৩ | মোঃ মনিরুজ্জামান মানিক | চেয়ারম্যান কাশিপুর ইউনিয়ন পরিষদ ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ৪ | মোঃ হাফিজুর রহমান | উপজেলা মৎস্য কর্মকর্তা ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ৫ | মোছাঃ নিলুফা ইয়াছমিন | উপজেলা কৃষি অফিসার ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য-সচিব | |

# উপজেলা পরিষদ

ফুলবাড়ী, কুড়িগ্রাম।

বিষয় ঃ উপজেলা কৃষি ও সেচ কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ রেহেনুমা তারান্নুম
প্রশাসক, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম

তারিখ ঃ ০৮ ডিসেম্বর ২০২৪ খ্রি.

স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।

সময় ঃ বেলা ১০.০০ ঘটিকা ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট- "ক" তে দেখানো হলো।

অদ্যকার সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় যা সর্বসম্মতিক্রমে গৃহীত হওয়ায় উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব কৃষি ও সেচ কমিটিকে সভা পরিচালনার জন্য আহবান জানানো হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-২ ঃ উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সার্বিক বিষয় নিয়ে আলোচনা

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি জানান যে,<br>(ক) অত্র উপজেলায় চলতি রবি মৌসুমে ৩০০৫ হেক্টর জমিতে সরিষা ২১৭৫ হেঃ জমিতে ভূট্টা ১০৫০ হেক্টর জমিতে আলুসহ চাষকৃত অন্যান্য রবি ফসলের বর্তমান অবস্থা ভালো।<br>(খ) চলতি মৌসুমে ১০২০৫ হেক্টর জমিতে বোরো ধান চাষের লক্ষমাত্রা নির্ধারণ করা হয়েছে।<br>(গ) ডিলার পর্যায়ে রাসায়নিক সার মজুদ ও বিতরণ পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। এ ব্যাপারে মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের মাধ্যমে সার ডিলারের দোকান পরিদর্শন ও মনিটরিং ব্যবস্থা জোরদার করা হয়েছে। | কৃষি বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রমসমূহ এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের মনিরটরিং কার্যক্রম জোরদার করতে হবে। কৃষি যান্ত্রিকীকরণ প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা মৎস্য অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। মৎস্য আইন বাস্তবায়নে বিভিন্ন হাট বাজার পরিদর্শন করা হয় এবং পিরানহা মাছ ও আফ্রিকান মাগুরের ব্যাপারে সতর্ক করা হয়। শীতকালে মৎস্য চাষীদের মৎস্য চাষ বিষয়ে করণীয় সম্পর্কে মাঠ পর্যায়ে পরামর্শ প্রদান করা হয়। ০১ নভেম্বর ২০২৪ হতে আগামী ৩০ জুন ২০২৫ পর্যন্ত জাটকা ইলিশ ধরা, ক্রয় এবং বাজারজাতকরণ নিষিদ্ধ। মৎস্য চাষির পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদান চলমান রয়েছে। | সভায় আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রমসহ মৎস্য সম্পদের উন্নয়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী। |

পরিশেষে, বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৮/১২/২৪

(রেহেনুমা তারান্নুম)
প্রশাসক, উপজেলা পরিষদ
ও সভাপতি
কৃষি ও সেচ কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

(চলমান পাতা)

স্মারক নং- ৮৫৩

তারিখ ঃ ২৫ অগ্রহায়ণ ১৪৩১।
১০ ডিসেম্বর ২০২৪।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

১। প্রশাসক, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩। নোটিশ বোর্ড।

১০/১২/২৪

(মোছাঃ নিলুফা ইয়াছমিন)
উপজেলা কৃষি অফিসার
ও সদস্য সচিব
কৃষি ও সেচ কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।